গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৪০/২০১৭-১৮

ঢাকা, বৃহস্পতিবার ১৮ জানুয়ারি ২০১৮, ৫ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিডিএফ সম্মেলন : উন্নত দেশগুলোকে বাংলাদেশের পাশে দাঁড়ানোর আহ্বান প্রধানমন্ত্রীর

২। এমপিওভুক্তির সিদ্ধান্ত আসন্ন বাজেটে : সংসদে প্রধানমন্ত্রী

৩। ভারতের সঙ্গে সম্পর্ককে বাংলাদেশ অগ্রাধিকার দেয় : প্রণব মুখার্জিকে রাষ্ট্রপতি

৪। রোহিঙ্গা ফেরাতে সহযোগিতা করবে ভারত : বাংলাদেশ ও ভারতের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক

৫। রোহিঙ্গা ফেরত নেওয়ার সংখ্যা তিন মাস পর বাড়বে : পররাষ্ট্রসচিব

৬। বাড়তি ফি আদায়কারী বিশ্ববিদ্যালয়কে সংযত হতে হবে : শিক্ষামন্ত্রী

৭। সরকার মাংস আমদানি করবে না : প্রাণিসম্পদমন্ত্রী

৮। বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব শুরু আগামীকাল

৯। অবকাঠামো উন্নয়নে ওএফআইডি ৬০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ দেবে

১০। মুক্তিযোদ্ধার বয়স যুদ্ধকালীন সাড়ে ১২ বছর : পরিপত্র জারি

১১। সাবেক তথ্য সচিব মরতুজা আহমদকে প্রধান তথ্য কমিশনার নিযুক্ত

১২। তিন বেসরকারি হাসপাতাল বন্ধের নির্দেশ দিয়েছে র‍্যাবের ভ্রাম্যমাণ আদালত

চলমান পাতা-২

**১।	বিডিএফ সম্মেলন : উন্নত দেশগুলোকে বাংলাদেশের পাশে দাঁড়ানোর আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমৃদ্ধির পথযাত্রায় বাংলাদেশের পাশে দাঁড়ানোর জন্য উন্নত দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের পরিবেশের পরিবর্তন ও জলবায়ুসংক্রান্ত হুমকি মোকাবিলা করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উন্নত দেশগুলোর সহযোগিতা প্রয়োজন। প্রধানমন্ত্রী গতকাল (১৭ জানুয়ারি বুধবার) রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে বাংলাদেশ উন্নয়ন ফোরাম (বিডিএফ)-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**২।	এমপিওভুক্তির সিদ্ধান্ত আসন্ন বাজেটে : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, আসন্ন বাজেটে (২০১৮-১৯) বেসরকারি শিক্ষকদের এমপিওভুক্তির বিষয়ে সিদ্ধান্ত হবে। শুধু এমপিওভুক্ত করা নয়, মানসম্মত শিক্ষার উদ্যোগও নেওয়া হবে। গতকাল (১৭ জানুয়ারি বুধবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮)।

**৩।	ভারতের সঙ্গে সম্পর্ককে বাংলাদেশ অগ্রাধিকার দেয় : প্রণব মুখার্জিকে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে গতকাল (১৭ জানুয়ারি বুধবার) বঙ্গভবনে সাক্ষাৎ করেছেন ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জি। এ সময় রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ সব প্রতিবেশী দেশ বিশেষ করে ভারতের সঙ্গে সম্পর্ককে অগ্রাধিকার দিয়ে থাকে। বাংলাদেশ সফররত প্রণব মুখার্জি বঙ্গভবনে পৌঁছালে রাষ্ট্রপতি তাঁকে স্বাগত জানান। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ প্রণব মুখার্জিকে বলেন, বাংলাদেশের সঙ্গে ভারতের চমৎকার সম্পর্ক রয়েছে এবং তা জোরদার হচ্ছে। ভারতের সঙ্গে বাংলাদেশের ঐতিহাসিক ও দ্বিপক্ষীয় সম্পর্ক বিশেষ করে বাণিজ্য ও বিনিয়োগ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। পরে রাষ্ট্রপতি আয়োজিত নৈশভোজে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, প্রণব মুখার্জি, সাংসদ ও সরকারের পদস্থ কর্মকর্তারা অংশ নেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৪,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৪।	রোহিঙ্গা ফেরাতে সহযোগিতা করবে ভারত : বাংলাদেশ ও ভারতের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক**

রোহিঙ্গা সংকট নিয়ে বাংলাদেশকে ভারতের সমর্থন অব্যাহত রাখার জন্য অনুরোধ জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। গতকাল (১৭ জানুয়ারি বুধবার) ভারতের রাজধানী নয়াদিল্লিতে দেশটির পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজের সঙ্গে বৈঠককালে পররাষ্ট্রমন্ত্রী এ অনুরোধ জানান। জবাবে সুষমা স্বরাজ বলেন, রোহিঙ্গা ইস্যুতে সমর্থন নিশ্চিত করা হবে। রোহিঙ্গাদের রাখাইনে পুনবার্সন করতে ভারত সহযোগিতা করবে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.৮)।

**৫।	রোহিঙ্গা ফেরত নেওয়ার সংখ্যা তিন মাস পর বাড়বে : পররাষ্ট্রসচিব**

প্রতিদিন ৩০০ জন করে রোহিঙ্গা ফেরত নিলেও তিনমাসের মধ্যে সংখ্যাটি আরও বাড়বে। এছাড়া রোহিঙ্গা প্রত্যাবাসনে সব ধরনের খরচ মিয়ানমার সরকার বহন করবে। যৌথ ওয়ার্কিং গ্রুপের বৈঠক শেষে ঢাকায় ফিরে গতকাল (১৭ জানুয়ারি বুধবার) পররাষ্ট্রসচিব এম শহীদুল হক এসব তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৬।	বাড়তি ফি আদায়কারী বিশ্ববিদ্যালয়কে সংযত হতে হবে : শিক্ষামন্ত্রী**

লাগামহীন ভর্তি ও টিউশন ফি আদায়কারী বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে সংযত হওয়ার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শিক্ষামন্ত্রী দেশের বাস্তবতা ও জনগণের আর্থসামাজিক অবস্থা বিবেচনা করে ভর্তি, টিউশন ফিসহ সব ব্যয় একটি নির্ধারিত সীমায় রাখতে বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ করেন। গতকাল (১৭ জানুয়ারি বুধবার) গ্রিন ইউনিভার্সিটির তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি ও

বিশ্ববিদ্যালয়সমূহের আচার্যের প্রতিনিধি হিসেবে বক্তৃতার সময় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.৩), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২)।

৭। সরকার মাংস আমদানি করবে না : প্রাণিসম্পদমন্ত্রী

দেশীয় খামারিদের কথা মাথায় রেখে সরকার মাংস আমদানি করবে না বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ। তিনি বলেন, মাংস আমদানি প্রতিরোধে প্রয়োজনে এ সংক্রান্ত আইন সংশোধন করে ভারত থেকে গরুর মাংস আমদানি বন্ধ করার উদ্যোগ নেওয়া হবে। গতকাল (১৭ জানুয়ারি বুধবার) সচিবালয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে মন্ত্রী এ কথা জানান। ২০ থেকে ২৫ জানুয়ারি সারা দেশে দ্বিতীয়বারের মতো প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০১৮ উদ্যাপন উপলক্ষে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫)।

৮। বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব শুরু আগামীকাল

গাজীপুরে টঙ্গীর তুরাগ নদীর তীরে বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব আগামীকাল (১৯ জানুয়ারি শুক্রবার) থেকে শুরু হচ্ছে। ইজতেমার প্রথম পর্ব শেষে চারদিন বিরতি দিয়ে শুরু হচ্ছে এ শেষ পর্ব। আগামী ২১ জানুয়ারি রোববার আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হবে এ বছরের ইজতেমা। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.২)।

৯। অবকাঠামো উন্নয়নে ওএফআইডি ৬০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ দেবে

ওপেক ফান্ড ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ওএফআইডি) দু'টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বাংলাদেশকে ৬০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ দেবে। গতকাল (১৭ জানুয়ারি বুধবার) এ বিষয়ে সরকার এবং ওএফআইডি দু'টি ঋণচুক্তিতে স্বাক্ষর করেছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব কাজী শফিকুল আজম এবং ওএফআইডি'র মহাপরিচালক সুলাইমান জে আল হারবিশ তাঁদের স্ব-স্ব পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

১০। মুক্তিযোদ্ধার বয়স যুদ্ধকালীন সাড়ে ১২ বছর : পরিপত্র জারি

মুক্তিযোদ্ধা হতে হলে ন্যূনতম বয়স যুদ্ধকালীন সাড়ে ১২ বছর হতে হবে বলে পরিপত্র জারি করেছে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। গতকাল (১৭ জানুয়ারি বুধবার) এক সংবাদ বিজ্ঞপ্তিতে মুক্তিযোদ্ধা বিবেচনার ন্যূনতম বয়স পুনর্নির্ধারণ বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্রে এ তথ্য জানানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **প্রথম আলো** (পৃ.৩,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪)।

১১। সাবেক তথ্য সচিব মরতুজা আহমদকে প্রধান তথ্য কমিশনার নিযুক্ত

সাবেক তথ্য সচিব মরতুজা আহমদকে প্রধান তথ্য কমিশনার নিয়োগ দিয়েছে সরকার। তিনি অধ্যাপক গোলাম রহমানের স্থলাভিষিক্ত হলেন। তথ্য অধিকার আইন অনুযায়ী রাষ্ট্রপতি মরতুজা আহমদকে ঐ পদে নিয়োগ দিয়েছেন জানিয়ে গতকাল (১৭ জানুয়ারি বুধবার) আদেশ জারি করেছে তথ্য মন্ত্রণালয়ের প্রেস-২ শাখা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১)।

১২। তিন বেসরকারি হাসপাতাল বন্ধের নির্দেশ দিয়েছে র‍্যাবের ভ্রাম্যমাণ আদালত

বিভিন্ন অনিয়মের দায়ে রাজধানীর মোহাম্মদপুরের তিনটি বেসরকারি হাসপাতালকে জরিমানার পাশাপাশি তিন দিনের মধ্যে কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছে র‍্যাবের ভ্রাম্যমাণ আদালত। এগুলো হলো-বাংলাদেশ ট্রমা স্পেশালাইজড হাসপাতাল লিমিটেড, মক্কা মদিনা জেনারেল হাসপাতাল ও নিউ ওয়েলকেয়ার হাসপাতাল। গত ১৬ জানুয়ারি মঙ্গলবার রাতে ধারাবাহিকভাবে র‍্যাবের এ অভিযান চালানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.২)।

সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** বরগুনা পৌরসভার জনবসতিপূর্ণ এলাকায় ২০-২৫ বছর ধরে প্রতিদিন যাবতীয় আবর্জনা একটি ময়লার ভাগাড়ে ফেলা হচ্ছে যার পরিমাণ ৮ থেকে ১০ টন উল্লেখ করে অপরিকল্পিত এ ধরনের বর্জ্য ব্যবস্থাপনার কারণে পরিবেশ ও জনস্বাস্থ্যের অনেক ক্ষতি হওয়ায় দেশের বর্জ্য ব্যবস্থাপনাকে বিজ্ঞানসম্মত করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** অপ্রাসঙ্গিক বক্তব্যে আদালতের সময় পার করে মামলার প্রক্রিয়াকে দীর্ঘায়িত করা আসামিপক্ষের আইনজীবীদের একটা অপকৌশল উল্লেখ করে এ অব্যবস্থাপনা বন্ধ করে মামলার জট নিরসনে আদালত আরও কার্যকর ভূমিকা রাখতে পারবে বলে মতপ্রকাশ।

গ. **জনকণ্ঠ :** সড়ক দুর্ঘটনা রোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ঘ. **যায়যায়দিন :** ইয়াবা, ফেনসিডিল, হেরোইনসহ বিভিন্ন ধরনের মাদকের ভয়াবহ আগ্রাসনে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাস না থাকা ও আইনানুযায়ী প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক না থাকাসহ নানাবিধ সমস্যা তুলে ধরে সরকারকে এসব বিশ্ববিদ্যালয় পর্যবেক্ষণের আওতায় আনার সুপারিশ।

চ. **ডেইলি সান :** 'সিআরপি' ও 'বাঁচতে শেখা' নামের দু'টি বেসরকারি সংস্থাকে বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান কর্তৃক ২৫ লাখ টাকা দান করার ঘটনায় উৎসাহিত হয়ে সমাজের বিত্তবানদের দুস্থদের সহায়তায় এগিয়ে আসার আহ্বান।

ছ. **অবজারভার :** যেসব অসঙ্গতির কারণে রাষ্ট্রীয় মালিকানাধীন ৮টি ব্যাংকের 'সিনিয়র অফিসার' পদের নিয়োগ পরীক্ষা বাংলাদেশ ব্যাংক বাতিল করেছে ভবিষ্যতে যেকোন নিয়োগ পরীক্ষায় এমন ঘটনার পুনরাবৃত্তি না হওয়ার প্রত্যাশা।

জ. **নিউ নেশন :** ব্যক্তিগত গাড়ি সেবাকে মোবাইল অ্যাপ প্লাটফর্মে আনতে 'হ্যালো' নামের অ্যাপ চালুর উদ্যোগকে স্বাগত জানিয়ে তা মানুষের যাতায়াতকে সহজ করবে বলে প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গণতন্ত্র সচল থাকলে দেশের উন্নতি অবশ্যম্ভাবী।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'শিশুর স্কুল ব্যাগের বোঝা কমাতে সবার সহযোগিতা প্রয়োজন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বইয়ের বোঝা বাড়িয়ে শিশুদের শারীরিক ক্ষতির মুখে ফেলে শৈশব যাতে নিরানন্দময় না হয় সে বিষয়ে সরকারসহ মাঠপর্যায়ের কর্মকর্তাদের জোরালো মনিটরিংয়ের কোনো বিকল্প নেই।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৮